**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৯০/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ৭ নভেম্বর ২০১৭, ২৩ কার্তিক ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মন্ত্রিসভার বৈঠকে নারী অভিবাসীদের কল্যাণে আইনের খসড়া অনুমোদন
বাংলাদেশ-চীন ১৩২০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র চুক্তির খসড়া অনুমোদন
বাংলাদেশ-চীন কোম্পানি গঠনের অনুমোদন

২। বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের ফিরিয়ে নিন : নিরাপত্তা পরিষদের সর্বসম্মত বিবৃতি

৩। সিপিএ সম্মেলন : কমনওয়েলথভুক্ত দেশে ভিসা সহজ করার সুপারিশ

৪। ৭ মার্চের ভাষণের ইউনেস্কোর স্বীকৃতি অর্জনে মন্ত্রিসভার সন্তোষ : প্রধানমন্ত্রীকে অভিনন্দন
ধারণ ও প্রচারে যুক্তদের সংবর্ধনা দেবে তথ্য মন্ত্রণালয়

৫। প্রধানমন্ত্রীর নেতৃত্বের প্রশংসা করলেন ইউনেস্কোর ডিজি

৬। রোহিঙ্গাদের দ্রুত ফেরাতে মিয়ানমারের ওপর চাপ দিন : জাতিসংঘের প্রতি স্বাস্থ্যমন্ত্রী

৭। বাংলাদেশকে পাঁচ বছরে ৮০০ কোটি ডলার ঋণ দেবে এডিবি

৮। মোবাইল ব্যাংকিং হিসাবে ৩ লাখ টাকার বেশি নয় : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

৯। ভাস্কর আব্দুল্লাহ খালিদ ও শহিদ দেলোয়ারের পরিবারের পাশে দাঁড়ালেন প্রধানমন্ত্রী

১০। ছয় লাখ টন ছাড়াবে ইলিশের উৎপাদন : মৎস্য গবেষণা ইনস্টিটিউটের গবেষণা

চলমান পাতা-২

**১। মন্ত্রিসভার বৈঠকে নারী অভিবাসীদের কল্যাণে আইনের খসড়া অনুমোদন**
**বাংলাদেশ-চীন ১৩২০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র চুক্তির খসড়া অনুমোদন**
**বাংলাদেশ-চীন কোম্পানি গঠনের অনুমোদন**

নারী অভিবাসীদের কল্যাণে বিশেষ উদ্যোগ নেওয়ার বিধান যুক্ত করে 'ওয়েজ আর্নার্স বোর্ড আইন-২০১৭'-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে গতকাল (৬ নভেম্বর সোমবার) অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এ আইনের একটি বিশেষ বিধানে বিদেশে কর্মরত কোনো নারী অভিবাসী/কর্মী নির্যাতনের শিকার, দুর্ঘটনায় আহত, অসুস্থতা বা অন্য কোনো কারণে বিপদগ্রস্ত হলে তাকে উদ্ধার ও দেশে আনা, আইনগত ও চিকিৎসা সহায়তা দেওয়া, ক্ষতিপূরণ আদায়ের উদ্দেশ্যে দেশে-বিদেশে হেল্প ডেস্ক ও সেফ হোম পরিচালনা করবে এ বোর্ড।

এছাড়া মন্ত্রিসভা রাষ্ট্রীয় মালিকানাধীন রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড এবং চীনের নরিনকো ইন্টারন্যাশনালের যৌথ উদ্যোগে ১৩২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের দু'টি বিদ্যুৎকেন্দ্র নির্মাণের লক্ষ্যে চুক্তির খসড়া অনুমোদন দিয়েছে।

পায়রাতে আরো একটি এক হাজার ৩২০ মেগাওয়াট ক্ষমতার কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণে যৌথ মূলধনী কোম্পানি গঠনে এ সংক্রান্ত চুক্তি মন্ত্রিসভা অনুমোদন করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ. ২,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**২। বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের ফিরিয়ে নিন : নিরাপত্তা পরিষদের সর্বসম্মত বিবৃতি**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের প্রতি আহ্বান জানিয়েছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ। গতকাল (৬ নভেম্বর সোমবার) নিরাপত্তা পরিষদের এক সর্বসম্মত বিবৃতিতে এ আহ্বান জানানো হয়। এছাড়া রাখাইনে সহিংসতা বন্ধ ও সেখানে মানবিক ত্রাণকর্মীদের প্রবেশ নিশ্চিত করার আহ্বান জানিয়েছে ক্ষমতাধর এ সংস্থাটি। তবে চীনের প্রবল বিরোধিতার কারণে মিয়ানমারের বিরুদ্ধে একটি প্রস্তাব (রেজল্যুশন) পাসের পরিকল্পনা বাতিল করতে হয়েছে পরিষদকে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১)।

**৩। সিপিএ সম্মেলন : কমনওয়েলথভুক্ত দেশে ভিসা সহজ করার সুপারিশ**

ইউরোপিয় ইউনিয়নের (ইইউ) মতো কমনওয়েলথভুক্ত দেশগুলোতেও ভিসা পদ্ধতি সহজীকরণ ও অবাধ বাণিজ্য ব্যবস্থা চায় কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন-সিপিএ। ঢাকায় চলমান ৬৩তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্সে (সিপিসি) গতকাল (৬ নভেম্বর সোমবার) 'কমনওয়েলথভুক্ত দেশগুলোর মধ্যে সম্পর্ক শক্তিশালী করার জন্য 'আইন প্রণেতাদের ভূমিকা: বাণিজ্য, ভিসা সমস্যা ও ট্যারিফ বিধি-নিষেধ' শীর্ষক এক কর্মশালায় এ সুপারিশ উঠে আসে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

**৪। ৭ মার্চের ভাষণের ইউনেস্কোর স্বীকৃতি অর্জনে মন্ত্রিসভার সন্তোষ : প্রধানমন্ত্রীকে অভিনন্দন**
**ধারণ ও প্রচারে যুক্তদের সংবর্ধনা দেবে তথ্য মন্ত্রণালয়**

ইউনেস্কো বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের স্বীকৃতি দেওয়ায় মন্ত্রিসভা গতকাল (৬ নভেম্বর সোমবার) সন্তোষ প্রকাশ করেছে এবং এ স্বীকৃতিপ্রাপ্তির জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে। গতকাল প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকে প্রধানমন্ত্রীকে এ অভিনন্দন জানানো হয়। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণকে বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে ইউনেস্কো'র স্বীকৃতি উপলক্ষে সভা করেছে তথ্য মন্ত্রণালয়। গতকাল (৬ নভেম্বর সোমবার) বাংলাদেশ সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু'র সভাপতিত্বে তথ্যসচিব মরতুজা আহমদ পরিচালিত এ সভায় জাতির পিতার ঐতিহাসিক এ ভাষণটির তাৎপর্য দেশে-বিদেশে তুলে ধরার জন্য

নানামুখী কর্মসূচি নিয়ে আলোচনা হয়। প্রস্তাবিত কর্মসূচির মধ্যে রয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চ এর ঐতিহাসিক ভাষণ ধারণ, সংরক্ষণ ও প্রচারের সঙ্গে যুক্ত ব্যক্তিদের সম্মাননা ও সংবর্ধনা প্রদান এবং ইউনেস্কো স্বীকৃতির বিষয়ে উদ্যোক্তা ও স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের 'বজ্রকণ্ঠ' অনুষ্ঠানের সঙ্গে যুক্তদের সাক্ষাৎকারধর্মী অনুষ্ঠান প্রচার। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।



**৫। প্রধানমন্ত্রীর নেতৃত্বের প্রশংসা করলেন ইউনেস্কোর ডিজি**

ইউনেস্কোর বিদায়ী মহাপরিচালক ইরিনা বোকোভা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের প্রশংসা করেছেন। ইরিনা বোকোভা দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশকে তাৎপর্যপূর্ণ অবস্থানে নিয়ে আসার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার চমৎকার নেতৃত্বের প্রশংসা করেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল (৬ নভেম্বর সোমবার) ফ্রান্সের রাজধানী প্যারিসে ইউনেস্কো'র সদরদফতরে এ সংস্থার বিদায়ী মহাপরিচালক ইরিনা বোকোভার সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্যসাক্ষাতে মিলিত হলে ইরিনা শিক্ষামন্ত্রীর কাছে এ প্রশংসা করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

**৬। রোহিঙ্গাদের দ্রুত ফেরাতে মিয়ানমারের ওপর চাপ দিন : জাতিসংঘের প্রতি স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম রাখাইনে গণহত্যা বন্ধ করে রোহিঙ্গাদের দ্রুত ফেরত নেওয়ার জন্য মিয়ানমারের ওপর চাপ বাড়াতে জাতিসংঘের প্রতি পুনরায় আহ্বান জানিয়েছেন। জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল প্রমীলা পাটেন গতকাল (৬ নভেম্বর সোমবার) সচিবালয়ে মন্ত্রীর সাথে সাক্ষাৎকালে মন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.৪)।

**৭। বাংলাদেশকে পাঁচ বছরে ৮০০ কোটি ডলার ঋণ দেবে এডিবি**

আগামী পাঁচ বছরে (২০২১ সাল পর্যন্ত) বাংলাদেশকে ৮০০ কোটি মার্কিন ডলার ঋণ সহায়তা দেবে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। এর মধ্যে চলতি বছরের শেষে ছাড় হবে ১৫০ কোটি ডলার। পাশাপাশি বাংলাদেশ সরকার চাইলে রোহিঙ্গাদের সহায়তাও করবে সংস্থাটি। গতকাল (৬ নভেম্বর সোমবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সঙ্গে বৈঠকশেষে এসব তথ্য জানান এডিবি'র দক্ষিণ এশিয়াবিষয়ক মহাপরিচালক হুম কিম। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৩) ।

**৮। মোবাইল ব্যাংকিং হিসাবে ৩ লাখ টাকার বেশি নয় : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

মোবাইল ব্যাংকিংয়ের অপব্যবহার রোধে লেনদেনসীমা কমানোর পর এবার অ্যাকাউন্টে সর্বোচ্চ কত টাকা রাখা যাবে, তার সীমা নির্ধারণ করে দিল বাংলাদেশ ব্যাংক। আগামী **১** জানুয়ারি থেকে কোনো গ্রাহক তার হিসাবে তিন লাখ টাকার বেশি স্থিতি রাখতে পারবেন না। কোনো হিসাবে এর চেয়ে বেশি অর্থ থাকলে **৩১** ডিসেম্বরের মধ্যে তা নামিয়ে আনতে হবে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**৯। ভাস্কর** আব্দুল্লাহ **খালিদ ও শহিদ দেলোয়ারের পরিবারের পাশে দাঁড়ালেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাত্রলীগ নেতা শহিদ কাজী দেলোয়ার হোসেন ও প্রখ্যাত ভাস্কর প্রয়াত সৈয়দ আব্দুল্লাহ খালিদের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করেছেন। প্রধানমন্ত্রী গতকাল (৬ নভেম্বর সোমবার) তাঁর কার্যালয়ে আর্থিক সহায়তার একটি চেক শহিদ দেলোয়ার হোসেনের ভাই এর কাছে হস্তান্তর করেন। এসময় প্রধানমন্ত্রী আর্থিক সহায়তার আরেকটি চেক প্রখ্যাত ভাস্কর প্রয়াত সৈয়দ আব্দুল্লাহ খালিদের স্ত্রীর কাছে হস্তান্তর করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪)।

১০। **ছয় লাখ টন ছাড়াবে ইলিশের উৎপাদন : মৎস্য গবেষণা ইনস্টিটিউটের গবেষণা**

নিরাপদ প্রজননে গত অক্টোবরের ২২ দিন ইলিশ শিকার নিষিদ্ধ ছিল। এ সময় নদীতে ৪৬ দশমিক ৪৭ শতাংশ মা ইলিশ ডিম ছেড়েছে, যা গত বছরের চেয়ে ২ দশমিক ৪৭ শতাংশ বেশি। পোনা ছাড়ার সংখ্যা প্রায় ৪২ হাজার কোটি। চলতি অর্থবছরে ইলিশের উৎপাদন হবে ছয় লাখ টনের বেশি, যা এযাবৎকালের সর্বোচ্চ। এর বাজারমূল্য ২৪ হাজার কোটি টাকা। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের গবেষণায় এসব তথ্য উঠে এসেছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** দেশে উৎপাদিত শাক-সবজি ও ফলমূলে কীটনাশক ও বালাইনাশকের যথেচ্ছ ব্যবহার জনস্বাস্থ্যের জন্য হুমকি হওয়ায় সবজিতে সময়মাফিক সঠিক বালাইনাশক ব্যবহারে উদ্যোগী হওয়াসহ যথাযথ সতর্কতা অবলম্বনের আহ্বান।

খ. **সংবাদ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন :** রাজধানীতে বাস ভাড়ার ক্ষেত্রে পরিবহণ মালিক-শ্রমিকদের নৈরাজ্য কঠোরভাবে নিয়ন্ত্রণে এনে বিআরটিএ এবং বিআরটিসিকে কার্যকর প্রতিষ্ঠানে পরিণত করার সুপারিশ।

গ. **প্রথম আলো :** ঢাকার কাঁচাবাজারগুলোতে শাক-সবজির মূল্য বেশি থাকার বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে সরবরাহব্যবস্থার সীমাবদ্ধতা দূর করতে মধ্যস্বত্বভোগীদের সিন্ডিকেট ভেঙ্গে দিয়ে সরবরাহ পথের সব ধরনের চাঁদাবাজি বন্ধ করার আহ্বান।

ঘ. **জনকণ্ঠ :** সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির সঙ্গে যৌথভাবে কাজ করতে বাংলাদেশের তথ্যপ্রযুক্তি বিভাগের চুক্তি স্বাক্ষর হওয়ায় তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে দেশ আরও এগিয়ে যাবে বলে আশাপ্রকাশ।

ঙ. **যুগান্তর :** সিপিএ সম্মেলনে রোহিঙ্গা ইস্যুতে কমনওয়েলথভুক্ত দেশগুলোর এমপিদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান ফলপ্রসূ হওয়ার প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের প্রাচীন ঐতিহ্যের স্থাপনাগুলো সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণে সংশ্লিষ্ট সংস্থাকে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** শুষ্ক মৌসুমে চাষাবাদের সেচ কাজে ভূ-নিম্নস্থ পানির পরিবর্তে ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধি করতে বর্ষা মৌসুমের পানি জলাধারে সংরক্ষণে বিভিন্ন প্রকল্প গ্রহণ করে তা বাস্তবায়নের আহ্বান।

জ. **ডেইলি স্টার :** জনস্বার্থে হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনোস্টিক সেন্টারের বর্জ্য যথাযথভাবে ব্যবস্থাপনা করার ওপর গুরুত্বারোপ।

ঝ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** শিশুকিশোরদের পুষ্টি নিশ্চিতকরণে যথাযথ বিনিয়োগের ব্যবস্থা করা না হলে জাতি সব সময় অনুন্নত রয়ে যায় বলে অভিমত প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সরকারসহ সংশ্লিষ্ট সবার সম্মিলিত প্রচেষ্টায় ভোগ্যপণ্যের মূল্য অনেকাংশে নিয়ন্ত্রণ করা সম্ভব।

**নিবন্ধ**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'৭ মার্চের ভাষণ এখন বিশ্বসম্পদ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ৭ মার্চ বঙ্গবন্ধু সৃষ্টি করলেন এক অনন্য ইতিহাস, যার হাত ধরে জন্ম নিল স্বাধীন, সার্বভৌম বাংলাদেশ, একটি জাতীয় পতাকা ও একটি জাতীয় সংগীত।

#

ফাহিমা/মরজিনা/রশীদ/২০১৭/৯.০০